



প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে ঢাকা-দিল্লির আলোচনা চলছে: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য ভারত সফর নিয়ে ঢাকা ও দিল্লির মধ্যে আলোচনা চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। সফরের তারিখ চূড়ান্ত হলে সরকার তা জানাবে বলেও উল্লেখ করেন তিনি।

সোমবার (৫ অক্টোবর) রাজধানীর সোনারগাঁও হোটеле ‘বে অব বেঙ্গল কনভারসেশন ২০২৬’-এ অংশ নেওয়ার পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

হুমায়ুন কবির জানান, আগামী নভেম্বরে তুরস্কে অনুষ্ঠিত জলবায়ু সম্মেলনে অংশ নিতে প্রধানমন্ত্রী তারেক রহমানের দেশটিতে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

ভারতের সঙ্গে গঙ্গার পানি বন্টন চুক্তির মেয়াদ চলতি বছর শেষ হওয়ার বিষয়েও কথা বলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। তিনি বলেন, দেশের স্বার্থকে অগ্রাধিকার দিয়েই চুক্তিটি নবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

LENS ASIA